গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর**

৪৫০, জিএল রায় রোড, পূর্ব কামাল কাছনা, রংপুর।

## নিলাম দরপত্রের বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর এর আওতাধীন নিম্নবর্ণিত সকল গুদামে সংরক্ষিত বিভিন্ন আটককারী সংস্থা কর্তৃক আটক ও বাজেয়াপ্তকৃত নিলামযোগ্য পণ্য যে অবস্থায় যে পরিমাণে আছে সে অবস্থাতেই স্ব স্ব বিভাগীয় দপ্তরে/স্থল কাস্টমস স্টেশন নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। নিলামের সিডিউল ও ক্যাটালগ স্ব স্ব ভ্যাট বিভাগীয় দপ্তর/স্থল কাস্টমস স্টেশন, সরকারি নিলামকারি মেসার্স প্যান্ট হাউজ, প্রো: মো: সোলায়মান হোসেন, পিতা-মৃত আব্দুল মান্নান, জেলা পরিষদ সুপার মার্কেট, রংপুর নামীয় দোকান নং-১১১, রংপুর ঠিকানায় প্রতিটি ৩০০ টাকা মূল্যে নিম্নোক্ত ছকে উল্লেখিত তারিখ ও সময়ে পাওয়া যাবে:

<table>
<tr><th>ক্র. নং</th><th>বিভাগের নাম</th><th>শুল্ক গুদামের নাম</th><th>দরপত্র বিক্রয়ের তারিখ</th><th>পণ্য প্রদর্শন</th><th>দরপত্র জমাদানের সর্বশেষ সময়</th><th>দরপত্র উম্মুক্তের তারিখ ও দরদাতা নির্বাচন</th></tr>
<tr><td>০১</td><td>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, পঞ্চগড়</td><td>পঞ্চগড় শুল্ক গুদাম</td><td rowspan="6">০৯/০৯/২০২৬<br>হতে<br>১৪/০৯/২০২৬ খ্রি. পর্যন্ত</td><td rowspan="6">১০/০৯/২০২৬<br>হতে<br>১৪/০৯/২০২৬ খ্রি. পর্যন্ত</td><td rowspan="6">১৫ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.<br>দুপুর ১২:০০ ঘটিকা</td><td rowspan="6">১৫ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.<br>বিকাল ৩:০০ ঘটিকা</td></tr>
<tr><td rowspan="3">০২</td><td rowspan="3">কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, ঠাকুরগাঁও</td><td>ঠাকুরগাঁও শুল্ক গুদাম</td></tr>
<tr><td>নেকমরদ শুল্ক গুদাম</td></tr>
<tr><td>পীরগঞ্জ শুল্ক গুদাম</td></tr>
<tr><td>০৩</td><td>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, নীলফামারী</td><td>নীলফামারী শুল্ক গুদাম</td></tr>
<tr><td>০৪</td><td>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, দিনাজপুর</td><td>দিনাজপুর শুল্ক গুদাম</td></tr>
<tr><td rowspan="2">০৫</td><td rowspan="2">কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, লালমনিরহাট</td><td>লালমনিরহাট শুল্ক গুদাম</td><td rowspan="6">১৫/০৯/২০২৬ খ্রি.<br>হতে<br>২১/০৯/২০২৬ খ্রি. পর্যন্ত</td><td rowspan="6">১৭/০৯/২০২৬<br>হতে<br>২১/০৯/২০২৬ খ্রি. পর্যন্ত</td><td rowspan="6">২২ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.<br>দুপুর ১২:০০ ঘটিকা</td><td rowspan="6">২২ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.<br>বিকাল ৩:০০ ঘটিকা</td></tr>
<tr><td>পাটগ্রাম শুল্ক গুদাম</td></tr>
<tr><td rowspan="3">০৬</td><td rowspan="3">কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, কুড়িগ্রাম</td><td>কুড়িগ্রাম শুল্ক গুদাম</td></tr>
<tr><td>ভুরুঙ্গামারী শুল্ক গুদাম</td></tr>
<tr><td>রৌমারী শুল্ক গুদাম</td></tr>
<tr><td>০৭</td><td>হিলি স্থল কাস্টমস স্টেশন, দিনাজপুর</td><td>হিলি শুল্ক গুদাম</td></tr>
</table>

**শর্তাবলী:**

১. দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিটি দরপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন সনদ, টিআইএন সনদ এবং ব্যক্তি শ্রেণির দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র ও হালনাগাদ টিআইএন সনদ জমা করতে হবে।

২. সিডিউল ক্রয়ের সময় ছকে উল্লেখিত তারিখ সকাল ১১:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত এবং পণ্য প্রদর্শনের সময় ছকে উল্লেখিত তারিখ সকাল ১১:০০ ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত (সরকারী ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত)।

৩. কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর, সংশ্লিষ্ট সকল ভ্যাট বিভাগীয় দপ্তর/স্থল কাস্টমস স্টেশন, সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে রক্ষিত বক্সে  ছকে উল্লিখিত সময়ে দরপত্র দাখিল করতে হবে।

৪. দরপত্রসমূহ ছকে বর্ণিত দিনে বিকাল ০৩.:০০ ঘটিকায় স্ব স্ব ভ্যাট বিভাগীয় দপ্তরে/স্থল কাস্টমস স্টেশনে উপস্থিত দরদাতার সামনে উন্মুক্ত করা হবে।

৫. ক্যাটালগভুক্ত পণ্যের ক্ষেত্রে আমদানী নীতি আদেশ ২০২৬-২০২৯ এর শর্ত প্রযোজ্য হবে। বিক্রয় আদেশ জারীর তারিখ হতে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরমূল্যের সাথে প্রযোজ্য হারে অগ্রিম আয়কর ও মূসক পরিশোধ করে পণ্য খালাস গ্রহণ করতে হবে। অন্যথায় দরদাতার পে অর্ডার বাতিল করা হবে।

৬. দরদাতাগণ কোনো শর্ত পরিপালনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট বিক্রয় আদেশ বাতিল এবং পে অর্ডার বাজেয়াপ্ত করা হবে।

৭. জাতীয় রাজস্ব বোর্ড এর স্থায়ী আদেশ নং- ৪৩/কাস্টমস/২০২৬, তারিখ: ১৭/০৮/২০২৬ খ্রি. মোতাবেক অন্যান্য শর্ত প্রযোজ্য হবে এবং কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ নিলামের যে কোন পরিবর্তন , পরিবর্ধন, সংশোধন ও নিলাম বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

**(মোঃ ফয়সাল বিন রহমান)**
আহ্বায়ক ও যুগ্ম কমিশনার
নিলাম কমিটি
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর।